

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date : 20-10-2025  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Dipawali:**

আজ শ্যামাপূজা ও আলোর উৎসব দীপাবলি। সারা রাজ্যই উৎসব মুখ্য। আগরতলার বিভিন্ন পূজা মন্দির ও রাজপথ আলোক-মালায় সাজিয়ে তোলা হয়েছে রাজ্যের মূল আকর্ষণ উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে গৃতিহেবাহী তিনদিনব্যাপী দীপাবলি উৎসব ও মেলার আজ সন্ধ্যায় আনুষ্ঠানিকভাবে সুচনা করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

এদিকে, গোমতী জেলা পুলিশ সুপার আমাদের জেলা প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানিয়েছেন, নিরাপত্তা কর্মী, টি এস আর, সাধারণ পুলিশ মোতায়েন করা হয়েছে। পর্যাপ্ত সিসি টিভি, ওয়াচ টাওয়ার মেলা প্রাঙ্গনে বসানো হয়েছে। উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দির ছাড়া কমলাসাগরের কসবেশ্বরী কালী মন্দির, অমরপুরের চন্দীবাড়ী, কুমারঘাটের ভুবনেশ্বরী মন্দিরে বিশেষ পূজাচার্চনার আয়োজন করা হয়েছে। এছাড়া আগরতলার উমামহেশ্বরী মন্দির, ইন্দ্রনগর কালীবাড়ি, জগহরী মুড়া আনন্দময়ী কালীবাড়ি, কের চৌমুহনী কালী বাড়িতে বিশেষ ধূমধামের সঙ্গে কালী পূজার আয়োজন করা হয়।

\*\*\*\*\*

**Greetings of Prez, Vice Prez..**

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু এবং উপ রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন দীপাবলি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায়, রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বলেছেন যে দীপাবলি ভারতের অন্তর্ম জনপ্রিয় উৎসব, যা অত্যন্ত উদ্যম ও

উচ্চাসের সঙ্গে উদ্যাপিত হয়। এই উৎসব অন্ধকারের উপর আলোর, অজ্ঞানের উপর জ্ঞানের এবং অশুভের উপর শুভের বিজয়কে প্রতীকী রূপে প্রকাশ করে।

উপরাষ্ট্রপতি রাধাকৃষ্ণন বলেন যে দীপাবলি ভালো গুণের বিজয় এবং জ্ঞানের বিজয়ের প্রতীক প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দীপাবলী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

### **Governor Greetings:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিডেন্স নাম্বু দীপাবলি উপলক্ষ্যে রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, এই উৎসব যেন আমাদের হৃদয়কে জ্ঞান, করুণা ও আশার আলোয় ভরিয়ে দেয়। তিনি এই উৎসবকে পরিবেশ বান্ধব উপায়ে নিরাপদভাবে উদ্যাপন করার জন্য আহ্বান জানিয়েছেন।

\*\*\*\*\*

### **CM Greetings:**

দীপাবলি উৎসব উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন- আলোর উৎসব দীপাবলি আমাদের চিরন্তন গ্রিতিহের প্রতীক। দীপাবলির পবিত্র আলোকশিখা জীবনের সমস্ত যন্ত্রণাকে দূর করে নব আলোকে উন্নাসিত করুক এটাই আমাদের প্রার্থনা।

\*\*\*\*\*

### **Rail Minister... .**

যাত্রীদের নিরাপত্তা এবং উৎসবের দিনগুলোতে সুযোগ সুবিধা নিশ্চিত করার বিষয়ে রেলমন্ত্রী অশ্বিনী বৈক্ষণ গতকাল নয়াদিল্লির আনন্দ বিহার রেলওয়ে

স্টেশন পরিদর্শন করেছেন। সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় .রেলমন্ত্রী বলেছেন যে উৎসবের সময় যাত্রী ভিড় মোকাবেলায় বিশেষ ব্যবস্থার পরিকল্পনা করা হয়েছে। তিনি বলেন, যাত্রীদের তাদের নির্ধারিত গন্তব্যে পৌঁছানোর সুবিধা দেওয়ার জন্য ১২ হাজার অতিরিক্ত ট্রেন চালানো হচ্ছে।

\*\*\*\*\*

### **Special Train:**

দীপাবলি উৎসবে অতিরিক্ত যাত্রী ভীড় সামলাতে আজ থেকে দুটি বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে এনএফ রেলওয়ে। আগরতলা থেকে ধর্মনগর ও সাক্রম রুটে এই পরিষেবা আজ থেকে ২২ অক্টোবর বুধবার পর্যন্ত চালু থাকবে। এনএফ রেলওয়ে জানিয়েছে, আগরতলা থেকে প্রতিদিন সকাল ৫টা ১৫ মিনিটে ছেড়ে বিশেষ ট্রেন ধর্মনগরে পৌঁছবে সকাল ৮টা ৪৫ মিনিট। ধর্মনগর থেকে সকাল ১০ টা ৩৫ মিনিটে ছেড়ে ট্রেনটি আগরতলা পৌঁছাবে দুপুর ১ টা ৫০ মিনিটে। এদিকে, আগরতলা থেকে দুপুর ২টা ১৫ মিনিটে রওনা হয়ে বিশেষ ট্রেন বিকেল ৪টা ৩৫ মিনিটে সাক্রমে পৌঁছাবে। সন্ধ্যা ৫ টায় সাক্রম থেকে ছেড়ে রাত ৭টা ৩৫ মিনিটে আগরতলায় পৌঁছবে এনএফ রেলওয়ের এক বিজ্ঞপ্তিতে এখবর জানানো হয়েছে।

\*\*\*\*\*

### **Jagomaya kalibari Diwali:**

গতকাল সন্ধ্যায় বিলোনিয়ার যোগমায়া কালিবাড়িতে ৩ দিন ব্যাপী দীপাবলি উৎসবের সূচনা করেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ। সন্ধ্যায় বিলোনিয়া শহরে দীপ শোভাযাত্রার পর শুরু হয় উদ্বোধনী অনুষ্ঠান। সাক্রমের দৈত্যেশ্বরী কালি মন্দিরেও দীপাবলি উৎসবের সূচনা করেন দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। বিধায়ক মাইলাফু মগ, সাক্রম নগর

পঞ্চায়েতের চেয়ারপাস্র্ন রমা পোদ্দার দে প্রমুখ উপস্থিত ছিলেন উদ্বোধনী অনুষ্ঠানে।

\*\*\*\*\*

### **CM Town Hall :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারতের লক্ষ্যকে সামনে রেখে দলীয় কর্মী সমর্থকদের এগিয়ে যেতে হবে। তিনি দলীয় নেতাদের নীতি এবং আদর্শ মেনে রাজ্যের মানুষের মঙ্গলের স্বার্থে কাজ করে যাওয়ার আহ্বান জানিয়েছেন। বিজয়া দশমী উপলক্ষে ভারতীয় জনতা পার্টি ত্রিপুরা প্রদেশের পক্ষ থেকে গতকাল আগরতলা টাউন হলে অনুষ্ঠিত বিজয়া শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা বলেন। অনুষ্ঠানে প্রদেশ বিজেপির রাজ্য সভাপতি তথা সংসদ রাজীব ভট্টাচার্য সহ দলের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Awareness Programme :**

জেলাইবাড়ি স্কেলে মুহূরীপুর গ্রাম পঞ্চায়েতে গত শনিবার এক আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে আইনজীবী দিবাকর ভৌমিক বয়স্ক ব্যক্তিদের আইনী পরিষেবা বিষয়ে আলোচনা করেন। আইনী স্বেচ্ছাসেবক রাজীব ভৌমিক ও জয়দীপা সোম বৈদ্য শিবির পরিচালনা করেন।

\*\*\*\*\*

### **Police Smrite Divas:**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আগামীকাল পুলিশ স্মৃতি দিবসে জাতীয় পুলিশ স্মৃতিসৌধে শুন্ধা জানাবেন। এই উপলক্ষে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী ও দিল্লী পুলিশের একটি যোথ কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

### **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*